সহজ
পান্দ নামা

মূল ঃ শায়খ ফরীদ উদ্দীন আত্তার [রঃ]

ভাষান্তর ও সংযোজনায়-
মাওঃ হাফিজুর রহমান যশোরী
ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত।

প্রকাশনায়

আল্ আক্সা প্রকাশনী

বাংলাবাজার, ঢাকা

www.e-ilm.weebly.com

সহজ পান্দ নামা

মূল ঃ শায়খ ফরীদ উদ্দীন আত্তার [রঃ]

ভাষান্তর ও সংযোজনায়

মাওঃ হাফিজুর রহমান যশোরী

প্রকাশনায়- নাজমুস্ সা'আদাত শিবলী

প্রকাশকাল-০১-০১-২০০১ইং

সর্বস্বত্ব সংরক্ষিত

কম্পোজ ঃ

বাড কম্প্রিন্ট এণ্ড পাবলিকেশন্স

৫০, বাংলাবাজার (৩য় তলা)

ঢাকা-১১০০।

মূল্য ঃ ৯০ টাকা মাত্র।

আল্ আক্সা প্রকাশনী

বাংলাবাজার, ঢাকা

www.e-ilm.weebly.com

পেশ কালাম

مبسملا محمدلا مصليا ومسلما

শুধু মানবজাতিই নয় বরং সমগ্র সৃষ্টিই চায় শান্তি আর শান্তি। শান্তির নামের কাংখীত বস্তুর অন্বেষায় দিশেহারা হয়ে ছুটাছুটি করছে শিশু-কিশোর, আবাল, বৃদ্ধ-বণিতা সবাই, সর্বত্র। কিন্তু কোথায় সে শান্তি? কিসের মধ্যে লুকিয়ে রয়েছে তা? সুখ-শান্তি ও ভোগ-বিলাসের সমূহ উপায় উপকরণ যাদের করতলগত সত্যিই তারা কি লাভ করেছে শান্তি? না, আদৌ না। বরং বস্তুবাদীরা শেষে কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়েছেন যে,

"সুখ-সূখ করে তুমি কেন কর হা-হুতাশ
সুখ তো মিলেনা কোথা বৃথা সূখের আশ,
পথিক মরুভূ মাঝে খুঁজিয়া বেড়ায় জল
জলতো মিলেনা সেথা মরীচিকা করে ছল"।

অবশ্য আল্লাহ ওয়ালাগণ এর ব্যতিক্রম উক্তি করেছেন। সন্ধান দিয়েছেন তাঁরা পরম সুখ ও অনাবিল শান্তিময় জীবনের। বস্তুতঃ যারা তাঁদের নির্দেশিত মত ও পথের অনুসারী হয়েছে তাঁরাই ইহ-পর জাগতিক সূখ-শান্তির অধিকারী হয়েছেন।

এখন কথা হল কোথায় কিভাবে মিলবে তা? তার উত্তর একটি মাত্র কথার মধ্যেই সেটি হল–একমাত্র স্রষ্টা আল্লাহ ও তাঁর রাসূলের [সঃ] আনুগত্যের মধ্যেই নিহিত রয়েছে সুখ-শান্তি।

বক্ষমান এ পুস্তিকাতে আল্লাহর মহান অলী সূফী-সাধক আউলিয়াকূল শিরোমণি হযরত শায়খ ফরীদ উদ্দীন আত্তার [রঃ] মানব জাতিকে ইহ-পরজাগতিক সূখ-শান্তি লাভের সমূদয় পথ নির্দেশ করেছেন তাঁর অত্র ক্ষুদ্র পরিসর এ পুস্তিকায়। সর্বস্তরের মানুষের জন্য রেখে গিয়েছেন তিনি এক মহা মূল্যবান উপহার।

শতশত বৎসর যাবৎ তা সর্বস্তরের মানুষের জন্য বিশেষত মা'রেফত পন্থীগণের জন্যে তা এক রূহানী খোরাক রূপে পরিগণিত হয়ে আসছে।

ছোট্টবেলা যখন মধুর ভঙ্গিতে সুমিষ্ট সূরে অত্র কেতাবটি ক্লাসে পাঠ দেওয়া হতো কি যে মজার অনূভূত হতো তা বলার নয়। কিন্তু সত্যিকারার্থে এর গুঢ়তত্ত্ব ও রহস্য অনুভব করা তখন শুধু আমার জন্যই নয় বরং সকল ছাত্র/ছাত্রীর জন্যেই তা অসম্ভব

www.e-ilm.weebly.com

ছিল।

ফারাগাতের পর কিতাবটি যতই অধ্যয়ন করেছি ততোই এর প্রতি আকৃষ্ট হয়েছি। আর এ কারণেই জাগ্রত হয়েছে হৃদয় মুকুরে এর সহজ-সরল অনুবাদ ও জরুরী টীকা টিপ্পনি সহ প্রকাশের বাসনা। যাতে শুধু তালিবে ইল্‌মগণই নয় বরং সর্বস্তরের জ্ঞান পিপাষু ধর্মানুরাগী মানুষ উপকৃত হতে পারে এ মহান মূল্যবান উপদেশ লহরী থেকে। এ কামনা-বাসনার এক পর্যায়ে সর্বাগ্রে তালিবে ইল্‌মদের খেদমতের উদ্দেশ্যে সহজ সরল উর্দু-বাংলা অনুবাদ, শব্দার্থ সহ পেশ করলাম। যাতে ফার্সীর মত কঠিন ভাষা হতে মূল্যবান মণি-মুক্তা আহরণে তাঁরা বঞ্চিত না হয়। পরবর্তীতে আ'ম জ্ঞান পিপাষুদের তৃষ্ণা নিবারণার্থে সে উপযুগী করে প্রকার করার ও ইচ্ছে রইল।

উল্লেখ্য যে, ছাত্র/ছাত্রীদের প্রতি বিশেষ লক্ষ রেখে এর শাব্দিক অনুবাদের প্রতি বিশেষ লক্ষ রাখা হয়েছে। কারণ শব্দার্থগুলি সঠিক উপায়ে করতে পারলে ভাবার্থ আয়ত্বে আনা সহজ সাধ্য হবে ইন্‌শাআল্লাহ।

কেতাবটির সর্বাঙ্গিন সুন্দর করার জন্য কসূর করা হয়নি কোথাও, তথাপি ভুল-ত্রুটি থেকে যাওয়াই স্বাভাবিক। কোন সুহৃদ বন্ধু তা অবহিত করলে ইনশাআল্লাহ তা শুধরানোর চেষ্টা করা হবে পরবর্তী সংস্করণে।

আল্লাহ পাক অত্র পুস্তিকা দ্বারা সকলকে উভয় জাগতিক সূখ-শান্তি লাভে ধন্য করুন–

এ কামনায়–

মুহাম্মদ হাফিজুর রহমান যশোরী
মুহ্‌তামিম-
মদীনাতুল উলূম সিরাজিয়া মাদ্রাসা
কাউনিয়া কান্দি, গজারিয়া, মুন্সীগঞ্জ।

২৭, রমাযান, ২১ হিজরী।

www.e-ilm.weebly.com

শায়খ ফরীদ উদ্দীন আত্তার (রঃ)এর সংক্ষিপ্ত পরিচিতি

জন্ম ঃ অলীকূল শিরোমণি হযরত শায়খ ফরীদ উদ্দীন আত্তার (রঃ) ৫১৩ হিজরী সনের শা'বান মাসে বর্তমান নিশাপুর জেলার গাদকন নামক স্থানে জন্ম লাভ করেন। তখন সুলতান সঞ্জর (রঃ) এর শাসন আমল ছিল। তাঁহার পূর্ণ নাম মুহাম্মদ ইব্নে আবু বকর ইবরাহীম ইব্নে ইস্হাক। উপাধী ফরীদউদ্দীন, কুনিয়াত (উপনাম) আবু হামেদ ও আবু তালেব।

শিক্ষা জীবন ঃ শৈশবে তিনি স্বীয় পিতার আতরের ব্যবসায় সহায়তা করিতেন। এই সময় তিনি চিকিৎসা শাস্ত্রসহ প্রাথমিক প্রয়োজনীয় শিক্ষা দিক্ষা লাভ করেন।

কর্মজীবন ঃ প্রয়োজনীয় শিক্ষা লাভের পর তিনি পরিপূর্ণরূপে আতরের ব্যবসায় আত্মনিয়োগ করেন। সাথে সাথে চিকিৎসা কার্য ও ব্যাপকভাবে আঞ্জাম দিতেন। এই কারণে ফরীদ উদ্দীন আত্তার নামে খ্যাতি লাভ করেন।

কর্মজীবনে পরিবর্তন ও বিশেষ ঘটনা–

ফরীদ উদ্দীন আত্তার (রঃ) একদা স্বীয় দোকানে আতর বিক্রয় করিতেছিলেন, এমতাবস্থায় একজন ভিক্ষুক আসিয়া বলিল, شيئا لله (আল্লাহর ওয়াস্তে আমাকে কিছু ভিক্ষা দিন) এই ভাবে কয়েকবার ভিক্ষা চাওয়া সত্বে তিনি তাহার প্রতি ভ্রুক্ষেপ করিলেন না। শেষ পর্যায়ে ভিক্ষুক লোকটি বলিল কি– আশ্চর্য মানুষ আপনি! জানিনা কোন্ অবস্থায় মৃত্যু বরণ করেন। তিনি তাহার উত্তরে বলিলেন– তোমার যে অবস্থায় মৃত্যু হয় আমারও সেই অবস্থায় মৃত্যু হইবে।

ইহা শুনিয়া লোকটি বলিল ঠিকতো? তুমি কি আমার মত মরিতে পারিবে? এই বলিয়া স্বীয় পেয়ালাটি এক পার্শ্বে রাখিয়া দিল এবং মাটিতে শুইয়া পড়িল। সাথে সাথে একবার উচ্চস্বরে "আল্লাহ" বলিয়া পরম প্রভুর সান্নিধ্যে গমন করিল।

ভিক্ষুকের এই দৃশ্য তাঁহার অন্তরে রেখাপাত করিল। সাথে সাথে অবস্থার পরিবর্তন হইয়া গেল। তৎক্ষনাৎ দোকান আল্লাহর রাহে দান করিয়াছিলেন এবং ব্যবসা-বাণিজ্য পরিত্যাগ করিয়া প্রভূর সন্ধানে কঠোর ত্যাগ ও সাধনার পথ গ্রহণ করিলেন। যাহার পরিণতিতে ফরীদ উদ্দীন কালক্রমে ফরীদুদ দাহ্র "যুগের অদ্বিতীয়" হইয়া গেলেন।

www.e-ilm.weebly.com

কোন কোন আলিমের মতে আল্লামা রুমী (রঃ) প্রথমতঃ তাঁহার মুরীদ ছিলেন। শায়খ (রঃ) অত্র কিতাবে হে বৎস! হে প্রিয়! ইত্যাদি দ্বারা তাঁহাকে বিশেষ ভাবে সম্বোধন করিয়াছেন। আল্লামা রুমী (রঃ) স্বীয় শায়খ সম্বন্ধে মন্তব্য করিয়াছেন–

هفت شهر عشق را عطار دید * ما هنوز اندر خم یك كوچه ایم

অর্থাৎ ঃ ইশ্‌কের সপ্ত নগরী (সমগ্র জগত) কে আত্তার (রঃ) অবলোকন করিয়াছেন। আমরা এখনো পর্যন্ত মা'রেফতের এক গলির প্যাঁচের মধ্যে পড়িয়া আছি।"

শায়খ আত্তারের পরে তিনি শায়খ মুহাম্মদ বাগদাদী ও আল্লামা শামছে তাবরীযি (রঃ) এর হস্তে বয়আ'ত গ্রহণ করেন। যাহার ফলশ্রুতিতে মা'রেফাত জগতের বাদশাহে পরিণত হইয়াছেন।

আল্লামা রুমী (রঃ) বলেন–হযরত মনছুর হুসাইন ইবনে হাল্লায (রঃ) এর রূহ তাহার ইন্‌তিকালের দেড়শত বৎসর পরে হযরত ফরীদ উদ্দীন আত্তার (রঃ) এর রূহের উপর তাজাল্লী করিয়াছিলেন এবং রূহানীভাবে তাহাকে প্রতিপালন করিয়া মা'রিফাতের শীর্ষ শিখরে আরোহণ করাইয়ছিলেন।

আল্লামা আবদুর রহমান জামী (শরহে জামী এর মুসান্নিফ রঃ) লিখিয়াছেন– যে, ফরীদ উদ্দীন আত্তার [রঃ] কে শায়খ মজ্‌দুদ্দীন খাত্তয়ারেযমীর [রঃ] মুরীদ ছিলেন। যিনি শায়খ নাজ্‌মুদ্দীন কুবরা [রঃ] এর বিশিষ্ট খলীফা ছিলেন। কারো কারো মতে প্রথমে তিনি কুতুবে আলম শায়খ হায়দর [রঃ] এর নিকট বয়আত ছিলেন। সে সময় হায়দর নামা কিতাবটি রচনা করেন। হযরত ফরীদ উদ্দীন আত্তার (রঃ) এর পান্দ নাম কাব্যের মধ্যে যেই পরিমাণ মা'রিফাতের তত্ত্বও তথ্য রহিয়াছে তাহা অন্য কোন সুফী সাধকের রচনার মধ্যে নাই।

ওফাত ঃ শায়খ আল্লামা ফরীদ উদ্দীন আত্তার (রঃ) বর্বর তাতারীদের হাতে ৬২৯ হিজরী সনে শাহাদতের অমিয় সূধা পান করেন। ওফাত কালে তাঁহার বয়স হইয়াছিল ১১৬ বৎসর। বর্ণিত আছে উক্ত ঘাতক পরবর্তীতে অনুতপ্ত হইয়া ইসলাম গ্রহণ করে এবং তাহার কবরের শিয়রে জীবন কাটায়।

রচনাবলী ঃ শায়খ (রঃ) স্বীয় রেয়াযত মুজাহাদা ও সাধনার দ্বারা শরী'আত ও মা'রেফাতের যে কূলহীন জ্ঞান লাভ করিয়াছিলেন তাহা ১১৩টি কিতাবে পরবর্তী প্রজন্মের পাথেয় রূপে রাখিয়া গিয়াছেন।

তাঁহার রচনাবলীর মধ্যে নিম্নোক্ত গুলি বিশেষভাবে উল্লেখ যোগ্য। যথা–

১। পান্দ নামা
২। তাযকেরাতুল আউলিয়া
৩। এলাহী নামা
৪। হুলিয়া নামা

www.e-ilm.weebly.com

৫। আসরার নামা ৬। মছীবত নামা

৭। জাওয়াহিরুজ্জাত ৮.। অছিয়ত নামা

৯। বুলবুল নামা ১০। হায়দর নামা

১১। শতর নামা ১২। মুখতার নামা

১৩। শাহনামা ১৪। মান্‌তিকুততাইর প্রভৃতি।

উপসংহার ঃ বস্তুতঃ শায়খ আত্তার [রঃ] ইল্‌মে মা'রেফতের যে আসনে আসীন ছিলেন তা উপলব্ধি করা সর্ব সাধারণের জন্যে দুষ্কর। এ মর্মে শুধু এত টুকুই বলাই যথেষ্ঠ যে, আল্লামা রুমী [রঃ] এর মত ব্যক্তিত্ব ও নিজেকে তাহার শাগির্‌দ আখ্যায়িত করিয়াছেন। বর্ণিত আছে শেষ জীবনে তিনি আহলে সুন্নত ওয়াল জামাআত ছাড়িয়া শিয়া মাজহাব (ইছনা আশারিয়া) অবলম্বন করিয়াছিলেন। এ সময় তিনি "মাজহারুল আজাইব" কিতাবটি রচনা করেন। তবে মুহাক্কিক উলামায়ে কেরাম এ উক্তিকে প্রত্যাখ্যান করিয়াছেন। وهذا هو الحق -

www.e-ilm.weebly.com

.e-ilm.weebly

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

در حمد باری تعالےٰ عز اسمہٗ

حمدِ بے حد مر خدائے پاک را | آنکہ ایماں داد مشتِ خاک را
آنکہ در آدمؑ دمید او روح را | داد از طوفاں نجات او نوح را
آنکہ فرماں کرد قہرش یاد را | تا سزائے کرد قومِ عاد را

ترجمہ اردو : (۱) بے شمار تعریفیں خاص ہے اس اللہ تعالی کیو اسطے جیس نے ایك مٹھی مٹی کو ایمان عطا فرمایا

(۲) جس نے آدم علیہ السلام میں روح پھونکی-نوح علیہ السلام کوسیلاب سے نجات دی

(۳) جس نے حکم فرمایا اپنے غضب ہو اکو - تاکہ سزادے قوم عادکو

শব্দার্থ- তাহকীক ঃ حمد প্রশংসা, بیحد সীমাহীন مرکب (حمد بیحد خدا খাছ, خدا ফার্সীতে আল্লাহর অপর নাম, মূলত خودآ (নিজে আগমন কারী) ছিল। آنکہ তিনি যিনি, داد দিয়েছেন, واحد غائب - ماضی مطلق - م دادن- مشت মুষ্টি, خاك মাটি, (مرکب اضافی - مشت خاك) অর্থাৎ- হযরত আদম (আঃ)- دمید ফুৎকার করিলেন, واحد غائب ، ماضی مطلق -آدم অর্থ চামড়া, হযরত আদম (আঃ) কে যমীনের উপরিভাগের মাটি দ্বারা পয়দা করা হইয়াছে বিধায় তাহার নাম হইয়াছে আদম। روح প্রাণ, فرمان নির্দেশ, قہر রাগ, ش তাহার ضمیر متصل باد اضافی বাতাস, عاد হুদ (আঃ)-এর কওম।

বঙ্গানুবাদ ঃ (১) অসংখ্য প্রশংসা আল্লাহ পাকের নিমিত্তে যিনি ঈমান দান করিয়াছেন এক মুষ্টি মাটি (আদম আঃ)-কে।

(২) যিনি আদম (আঃ) এর মধ্যে রূহ ফুৎকার করিয়াছেন। প্লাবন হইতে নাজাত দিয়াছেন নূহ (আঃ)-কে।

(৩) যিনি স্বীয় গযব বাতাসকে নির্দেশ দিলেন-(যাহাতে) আদ সম্প্রদায়কে (নাফরমানীর) সাজা দেয়।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (১) লেখক আল্লামা ফরীদ উদ্দীন আত্তার (র) স্বীয় কিতাবকে আল্লাহ তাআলার নাম ও প্রশংসার মাধ্যমে শুরু করিয়াছেন। কেননা মুমিনের কোন কাজ, কোন

www.e-ilm.weebly.com

পদক্ষেপ তাঁহার সহায়তা ও তাওফীক ছাড়া আদৌ সফলতার দ্বার পর্যন্ত পৌঁছিতে পারেনা। এবং তাহাতে কোন বরকত ও কল্যাণও থাকে না। এই মর্মে আল্লাহর নবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরমাইয়াছেন– যে সমস্ত গুরুত্বপূর্ণ কাজ আল্লাহর নাম বিহীন (কোন বর্ণনায় আল্লাহর গুণ-কীর্তন বিহীন) শুরু করা হয় উহা বরকত শুণ্য হইয়া যায়। উপরন্ত ইহা দ্বারা আল্লাহ পাকের কালামেরও অনুসরণ হইয়া যায়। কেননা পবিত্র কুরআনও শুরু হইয়াছে তাহার গুণ কীর্তনের মাধ্যমে।

(২) অত্র শে'রে দুইটি বিষয়ের প্রতি ইঙ্গিত করা হইয়াছে। (ক) আদম (আঃ) এর মধ্যে রূহ ফুৎকার। (খ) নূহ (আঃ) কে তুফান হইতে পরিত্রান। বস্তুতঃ হযরত আদম (আঃ) হইলেন সর্বপ্রথম মানব। তাহার বাম পাঁজরের হাড় হইতে হযরত হাওয়্যা (আঃ)এর সৃষ্টি। আল্লাহ রব্বুল আলামীন যখন যমীনের বুকে তাহার খলীফা রূপে মানব জাতি সৃষ্টির পরিকল্পনা করিলেন। তখন হযরত আজরাঈলের মাধ্যমে পৃথিবীর বিভিন্ন স্থান হইতে বিভিন্ন বৈশিষ্টের মাটি আনাইয়া হযরত আদম (আঃ) এর শরীর তৈরী করিলেন এবং বিশেষতঃ চেহারাটি নিজ কুদরতী হস্ত মুবারকে তৈরি করিলেন। অতঃপর বহু বছর পর তাহার মধ্যে রূহ ফুৎকার করেন।

(খ) نوح অর্থ ক্রন্দন করা, তিনি সাড়ে নয়শত বৎসর পর্যন্ত মানুষের দ্বারে দ্বারে ঘুরিয়া দ্বীনের দাওয়াত দিয়াছেন। এই দীর্ঘ সময়ে মাত্র সামান্য কয়েকজন (৪০ জন) মানুষ ঈমান আনে। বাকীরা ঈমান আনার পরিবর্তে বরং তাহার চরম বিরোধিতা ও ঠাট্টা-বিদ্রুপ করিতে থাকে। শেষ পর্যন্ত অতিষ্ঠ হইয়া তিনি তাহাদের জন্য বদদোয়া করেন। পবিত্র কুরআনে উক্ত ঘটনা বিস্তারিত বর্ণনা হইয়াছে। যেমন– وَقَالَ نُوحٌ رَّبِّ لَا تَذَرْ عَلَى الْأَرْضِ مِنَ الْكَافِرِينَ دَيَّارًا

"নূহ বলিলেন– হে আমার প্রতিপালক! জগতের বুকে আপনি কাফেরদের কোন বসতি বাকী রাখিবেন না।" আল্লাহ পাক তাহার দোআ কবুল করেন এবং প্রলয়ংকারী বন্যা শুরু হয়। এই দিকে আল্লাহ পাক তাহাকে বিশাল নৌকা তৈরী করিতে নির্দেশ দিলেন। দীর্ঘ দুই বৎসর সময়ে সেগুন কাঠ দ্বারা ৩০০ গজ লম্বা, ৫০ গজ চওড়া ও ৩০ গজ উচ্চ তিন তলা নৌকা তৈরী করিলেন। উহাতে মুসলমানগণ সহ যমীনের প্রত্যেক প্রাণী হইতে এক এক জোড়া করিয়া উঠাইবার নির্দেশ দেন। ১ম তলায় হিংস্র জীব জন্তু, ২য় তলায় শান্ত ও পালিত প্রাণী এবং ৩য় তলায় মানুষ উঠাইলেন। বাকী সকল মানুষ ও প্রাণী উক্ত বন্যায় মরিয়া যায়। বন্যার পরে নুতন ভাবে ঐ সকল মানুষ ও প্রাণী হইতে নুতন প্রজন্ম শুরু হয়। এই কারণে নূহ (আঃ)-কে দ্বিতীয় "আবুল বাশার" বা "মানব পিতা" বলা হয়। উল্লেখ্য যে, উক্ত বন্যায় তাহার ঔরসজাত পুত্র কেনআন ঈমান না আনার কারণে উক্ত গজবে ধ্বংসপ্রাপ্ত হয়।

(৩) অত্র শে'রে হুদ (আঃ)-এর বংশ আদ জাতির ধ্বংসের কাহিনীর প্রতি ইঙ্গিত করা হইয়াছে। হুদ (আঃ)-এর উপর ঈমান না আনার কারণে পরিশেষে তাহাদের উপর এক নাগাড়ে সাত রাত ও আট দিন প্রচণ্ড সাইক্লোন আঘাত হানতে থাকে। ফলে তাহারাও তাহাদের ঘর-বাড়ী, ফসলাদি সব ধ্বংস হইয়া যায়। আর হুদ (আঃ) স্বীয় মুমিন উম্মতগণকে লইয়া মক্কায় আসিয়া বসতি স্থাপন করেন।

www.e-ilm.weebly.com

آنکہ لطفِ خویش را اظہار کرد | با خلیلش نار را گلزار کرد
آں خداوندے کہ ہنگامِ سحر | کرد قومِ لوط را زیر و زبر
سوئے او خصمے کہ تیر انداختہ | پشّۂ کارش کفایت ساختہ

ترجمہ اردو :(۱) (بے شمار تعریفیں اس اللہ کیلئے) جس نے اپنے مہر بانی کو ظاہر فرمایا - اپنے دوست ابراہیم ع کیلئے آگ کو باغیچہ بنادیا
(۲) جس خداوند تعالی نے سحر کی وقت قوم لوط کو الٹ پلٹ کردیا
(۳) اس اللہ کیطرف جس دشمن نے تیرا پھینکا-ایک مچھڑ اسکا کام تمام کردیا -

শব্দার্থ- তাহকীক ঃ لطف দয়া, করুণা, خویش নিজ اظہار (مرکب اضافی) স্পষ্ট করা, প্রকাশ করা, خلیل বন্ধু, প্রেমিক, ش তাহার, ضمیر مجرور باضافت, (حبیب অর্থ ও বন্ধু, ও প্রেমাস্পদ) خلیل দ্বারা হযরত ইব্রাহীম (আঃ) উদ্দেশ্য। گل زار ফুল বাগান اسم ظرف - ہنگام রাতের শেষ প্রহার, موتفکات - قوم لوط এর অধিবাসী লূত (আঃ) এর সম্প্রদায়। زیر زبر উলট-পালট, سوئے দিক, خصم শত্রু, خصمیکہ যে শত্রু, উদ্দেশ্য নমরূদ, انداختہ নিক্ষেপ করিল। پشہ মশা, کفایت যথেষ্ঠ, সাঙ্গ, ساختہ করিল।

বঙ্গানুবাদ ঃ (১) (অফুরন্ত প্রশংসা ঐ আল্লাহর নিমিত্তে) যিনি স্বীয় করুণা প্রকাশ করিয়েছেন, স্বীয় বন্ধু (ইব্রাহীম (আঃ)-এর জন্য আগুনকে কুসুম কাননে পরিণত করিলেন।

(২) ঐ আল্লাহ যিনি রাতের শেষ প্রহরে আদ জাতিকে উলট পলট করিলে (ধ্বংস করিলেন)।

(৩) তাহার প্রতি যে শত্রু (নমরুদ) তীর নিপে করিল একটি মশা-ই তার কাজ সাঙ্গ (ধ্বংস) করিয়া দিলে।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (১) হযরত ইবরাহীম (আঃ) যখন স্বীয় কওমকে মূর্তি পূজা করিতে নিষেধ করিলেন এবং এক আল্লাহর ইবাদতের প্রতি আহবান করিলেন তখন নমরুদ তাহাকে দুইটি ক্ষুধার্ত বাঘের সহিত একটি কূপে নিক্ষেপ করল। আল্লাহ পাকের মহিমা! বাঘ দুইটি তাহাকে খাওয়ার পরিবর্তে তাহাকে সেজদা করিল এবং তাহার শরীর চাটিয়া আদর করিতে লাগিল। ইহা দেখিয়া নমরূদ তাহাকে বাহির করিয়া পুকুরের ন্যায় প্রশস্ত গর্ত খনন করিয়া এক মাস যাবত তাহাতে কাষ্ঠ ভর্তি করিয়া আগুন জ্বালাই দিল। আগুন যখন অত্যন্ত মারাত্মক আকার ধারণ করিল তখন শয়তান তাহাদিগকে চড়ক গাছের (বর্তমানের ক্যারেন বিশেষ) মাধ্যমে তাহাকে উক্ত আগুনে নিক্ষেপ করিবার পরামর্শ দিল। নাফরমানেরা তাহাই করিল এবং

www.e-ilm.weebly.com

ইবরাহীমের অবস্থা দেখিবার জন্য অসংখ্য মানুষ মহা উৎসব পালনের ন্যায় সমবেত হইল। এই দিকে আল্লাহপাক আগুনকে হুকুম করিলেন يَا نَارُ كُونِي بَرْدًا وَّسَلَامًا عَلَىٰ إِبْرَاهِيمَ – "হে আগুন! ইবরাহীমের জন্যে শান্তিদায়ক ঠাণ্ডা হইয়া যাও", বর্ণিত আছে– তিনি ৪০ দিন উক্ত আগুনে অবস্থান করেন এবং বেহেশ্‌তের ন্যায় সুখ ও আরাম ভোগ করেন। এই শে'রটিতে আল্লাহ পাকের উক্ত মহিমার প্রতি ইঙ্গিত করা হইয়াছে।

(২) অত্র শে'রে মু'তাফিকাত এলাকার অধিবাসী হযরত লূত (আঃ)-এর কওমের কু-পরিণতির প্রতি ইশারা করা হইয়াছে। লূত (আঃ)-এর কওমের মধ্যে "লাওয়াত্বাত" তথা পুরুষে পুরুষে সমকামিতার কু-অভ্যাস ছিল। তিনি তাহাদিগকে এই কুকর্ম হইত তওবা করিয়া এক আল্লাহর ইবাদতের প্রতি আহবান করিতে থাকেন। তাহারা উহা না মানিয়া আল্লাহর নাফরমানীতে আরো বেশী মাত্রায় ঝুকিয়া পড়ে। শেষ পর্যায়ে আল্লাহ পাক তাহাদিগকে ধ্বংস করিবার জন্য অতি সুন্দর, দাড়ি মোচহীন দুই বালকের ছুরতে দুইজন ফেরেশতা প্রেরণ করিলেন। তাহারা হযরত লূতের গৃহে মেহমানের বেশে আগমন করিলেন। তিনি তাহাদিগকে আপ্যায়ন করিলেন। ইতিমধ্যে তাহার এক কাফের স্ত্রী বখাটে যুবকদিগকে গোপনে এই দুই বালকের সংবাদ জানাইয়া দিল। তাহারা আসিয়া উক্ত বালকরূপী ফেরেশতাদ্বয়ের সহিত অপকর্মে লিপ্ত হইতে চাহিল। লূত (আঃ) অত্যন্ত পেরেশান হইয়া গেলে বালকদ্বয় তাহাকে আশ্বস্ত করিলেন যে, আমরা মানুষ নই। আমরা তাহাদের ধ্বংসের জন্যে আসিয়াছি। আপনি দ্রুত মুমিনদিগকে লইয়া অত্র বসতি পরিত্যাগ করুন।

তিনি তাহাই করিলেন। অকস্মাৎ হযরত জিব্রাঈল (আঃ) স্বীয় ডানার একটি কোনা মাটিতে দাবাই তাহাদিগকে বহু উপরে উঠাইলেন এবং পুরা বসতীকে উল্টাইয়া স্ব-জোরে নিক্ষেপ করিলেন।

(৩) অত্র শে'রে হযরত ইবরাহীমের যুগের প্রসিদ্ধ নাফরমান নমরূদের ঘটনার প্রতি ইঙ্গিত করা হইয়াছে।

ঘটনা ঃ নমরুদ যখন বিভিন্ন চেষ্টা সত্বে ইবরাহীম (আঃ)-কে ধ্বংস করিতে পারিল না তখন স্বয়ং আল্লাহর পাকের সহিত যুদ্ধ করিবার। বহু উচু সিঁড়ি বানাইয়া আসমানের দিকে তীর নিক্ষেপ করিতে লাগল। বর্ণিত আছে– আল্লাহ পাক একটি তীরে মাছের রক্ত লাগইয়া দেওয়ার জন্য আদেশ করিলেন। নমরূদ একটি তীরে রক্ত দেখিয়া আনন্দিত হইয়া বলিয়া উঠিল– এই দেখ, ইবরাহীমের আল্লাহকে মারিয়া ফেলিয়াছি। পরিশেষে আল্লাহ পাকের নির্দেশে একটি মশা তাহার নাকের ভিতর দিয়ে মস্তিষ্কে ঢুকিয়া যায়। মশাকি সামান্য পরপর তাহাকে কামড়াইত। আর সে চীৎকার করিয়া উঠিত। মাথায় আঘাত করিলে সামান্য স্বস্থি পাইত। এই কারণে একজনকে তাহার মাথায় আঘাত করিবার জন্য নিযুক্ত করিয়া রাখিল। একদা তাহারই আঘাতে নরাধম পাপিষ্ঠের জীবন সাঙ্গ হইয়া গেল।

www.e-ilm.weebly.com

آنکہ اعدا را بدریا درکشید | ناقہ را از سنگ خارا برکشید
چوں عنایت قادرِ قیوم کرد | در کف داؤد آہن موم کرد

ترجمہ اردو : (۱) وہ اللہ تعالی جس نے دشمنوں کو دریا میں کھینچا - اونٹنی کو سخت پتھر سے نکالا -

(۲) جب قدرت والا ، نگہبان اللہ نے مہربانی کی * تو حضرت داؤد ع کے ہاتھ میں لوہے کو موم کردیا

শব্দার্থ– তাহকীক ঃ عدو - اعداء এর বহুবচন, শত্রুগণ, ناقہ উষ্ট্রী, سنگ خارا শক্ত পাথর, مرکب توصیفی , عنایت দয়া, অনুগ্রহ, قادر ক্ষমতা ধর, قیوم ধারক, রক্ষক, کف হাতের অগ্রভাগ, آہن লোহা।

বঙ্গানুবাদ ঃ (১) (ঐ আল্লাহর অসীম প্রশংসা) যিনি শত্রুদিগকে (ফেরাউনের কওমকে নীল) দরিয়া ডুবাইয়া দিয়াছেন, শক্ত পাথর হইতে উষ্ট্রী বাহির করিয়াছেন।

(২) মহা ক্ষমতাধর ও রক্ষাকর্তা আল্লাহ যখন অনুগ্রহ করিলেন দাউদ (আঃ)-এর হাতে লোহাকে মোমে পরিণত করিলেন।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (১) শে'রের প্রথমাংশে মূসা (আঃ) ও ফেরাউনের এবং দ্বিতীয়াংশে সালেহ (আঃ)-এর কওমের ঘটনার প্রতি ইশারা করা হইয়াছে। মূসা (আঃ) আল্লাহ পাকের আদেশে নিজ কওম বনী ইসরাঈল কে লইয়া নীল দরিয়ার তীরে গেলেন। অতঃপর আল্লাহ পাক মূসা (আঃ)-কে তাহার লাঠি দ্বারা নদীতে আঘাত করিতে হুকুম দিলেন। আঘাত করা মাত্র ১২টি শাখা গোত্রের জন্য ১২টি রাস্তা হইয়া গেল। পিছনে ফেরাউন তাহার সৈন্য-সামন্ত লইয়া উক্ত রাস্তা দ্বারা তাহাদের ধরার জন্য পিছনে ছুটিল। হঠাৎ আল্লাহ পাকের আদেশে উভয়দিক হইতে পানি তাহাদের উপর আছড়াইয়া পড়িল। ফলে ফেরাউন স্বদল - বলে ডুবিয়া মরিল।

হযরত সালেহ (আঃ)-এর ঘটনা ঃ একদা সালেহ (আঃ)-এর কওম তাঁহাকে বলিল– যদি আপনি এই বিশাল পাথর হইতে একটি উট্‌নী বাহির করিতে পারেন তাহা হইলে আমরা আপনার কথায় ঈমান আনিব। তিনি হুকুম করা মাত্র উহা হইতে একটি গাভীন উট্‌নী বাহির হইয়া আসিল। কিন্তু পাপিষ্ঠরা ইহাকে যাদু আখ্যা দিয়া ঈমান আনা হতে বিরত রহিল।

(২) দ্বিতীয় শে'রটির মধ্যে মুসান্নিফ (রঃ) আল্লাহ পাকের আরেকটি ক্ষমতার দৃষ্টান্ত পেশ করিয়াছেন যে, আগুন-পানির ন্যায় লৌহ ও আল্লাহ পাকের হুকুমের বাধ্য। দাউদ (আঃ) লোহায় হাত দেওয়া মাত্র তাহা মোমের ন্যায় নরম হইয়া যাইত। আগুনে পোড়ান ছাড়াই তিনি উহা দ্বারা যাহা খুশী তাহা প্রস্তুত করিতেন।

www.e-ilm.weebly.com

باسلیمانؑ داد ملک وسروری	شد مطیع خاتمش دیو وپری
از تنِ صابرؑ بکرماں قوت داد	ہم زیونسؑ لقمۂ باحوت داد
آں یکے را ارّہ برسر می کشد	دیگرے را تاج برسر می نہد
اوست سلطاں ہرچہ خواہد آں کند	عالمے را در دمے ویراں کند

ترجمہ اردو : (۱) سلیمان ع کو (ایسی) بادشا ہی اور سرداری عطاکی * جس کے سبب سے اسکی انگوٹھی کے تابع بن گئے دیو اور پری -

(۲) صبر کر والا بندہ حضرت ایوب علیہ السلام کے بدن سے کیڑوں کو روزی دی - نیز یونس ع (کی بدن) سے مچھلی کو لقمہ دی ۔

(۳) وہ اللہ ایک کے سر پر آرہ کھین چتا ہے * دوسرے کے سر پر شاہی تاج رکھتا ہے-

(٤) وھی ہے بادشاہ جو چاہتا ہے وہی کرتا ہے-ایک عالم کوایک ہی آن میں برباد کردیتا ہے

শব্দার্থ– তাহকীক ঃ سروری নেতৃত্ব, مطیع অনুগত, বাধ্যগত, خاتمش - خاتم আংটি, ش তাহার, صابر- مرکب اضافی ধৈর্য্যশীল, হযরত আইয়্যুব (আঃ) উদ্দেশ্য। کرماں - পোকা, قوت খাদ্য, আহার, حوت মাছ, ارہ করাত, تاج মুকুট, نہد রাখে مضارع ، واحد غائب মাসদার نہادن রাখা, عالم জগত।

বঙ্গানুবাদ ঃ (১) সুলায়মান (আঃ)-কে (এমন) রাজত্ব ও নেতৃত্ব দান করিলেন যে, দেও পরী তাহার আংটীর বাধ্যগত হইয়া গেল। ১.

(২) তিনি ধৈর্যশীল আইয়্যুব (আঃ) এর শরীর হইতে দ্বারা পোকা-মাকড়কে আহার দিয়াছেন। ইউনূস (আঃ) দ্বারা মাছের লোকমা দান করিয়াছেন। ২.

(৩) তিনি একজনের (যাকারিয়া আঃ-এর) মাথায় করাত টানেন। অপর জনের মাথায় শাহী মুকুট রাখেন। ৩.

(৪) তিনিই (প্রকৃত) বাদশাহ্। যাহা ইচ্ছা তাহাই করেন। এক জগতকে এক মুহূর্তের মধ্যে লয় করিয়া দেন।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (১) অত্র শে'রটিতে সুলায়মান (আঃ)-এর আল্লাহ প্রদত্ব রাজত্ব ও ক্ষমতার প্রতি ইশারা করা হইয়াছে। বর্ণিত আছে যে, চারজন ব্যক্তিকে সমগ্র বিশ্বের রাজত্ব দেওয়া হইয়াছে। তন্মধ্যে দুইজন মুমিন-হযরত সুলায়মান (আঃ) ও যুলকারনাইন। অপর দুইজন বে-ঈমান নমরুদ ও শাদ্দাদ, মতান্তরে বুখতে নছর।

সুলায়মান (আঃ)-কে আল্লাহ পাক এমন রাজত্ব দান কয়িাছিলেন যে, মানব-দানব, পশু-পাখী সকল প্রাণী এমনকি বাতাসের উপরও তাহার কর্তৃত্ব ছিল। সকল প্রাণীর ভাষা তিনি বুঝিতেন। সৈন্য-সামন্তসহ তাহার বিশাল সিংহাসন বাতাসে হুকুম মাত্র যেখানে ইচ্ছা করিতেন সেখানেই পৌঁছাইয়া দিত। ফলে এক মাসের পথ এক সকালেই অতিক্রম করিতেন। তাহার আংটীতে জ্বিন-পরী বাধ্য থাকিবার বিশেষ আছর ছিল।

www.e-ilm.weebly.com

(২) এই শে'রের মধ্যে হযরত আইয়্যুব (আঃ)-এর ঘটনার প্রতি ইশারা করিয়াছেন।

ঘটনা ঃ আল্লাহ পাক আইয়্যুব (আঃ) কে বহু ধন-সম্পদ সন্তানাদি ও রূপ চেহারা দান করিয়াছিলেন। এত কিছু ভোগ সামগ্রীর মধ্যে থাকিয়াও তিনি সদা আল্লাহর ইবাদত-বন্দেগীতে মগ্ন থাকিতেন। একদা অভিশপ্ত ইবলীস হিংসাবশতঃ বলিল– হে আল্লাহ! তুমি আইয়্যুবকে অসীম নায-নে'মতে রাখিয়াছ। বিধায় সে তোমার ইবাদত-বন্দেগী করে। এইসব না থাকিলে বা তুমি ছিনাইয়া লইলে সে তোমার আদৌ ইবাদত করিবেনা। আল্লাহ পাক তাহার মন্তব্যকে ভুল আখ্যায়িত করিলেন, এবং প্রমাণ ও পরীক্ষা স্বরূপ বিভিন্ন বিপদাপদের মাধ্যমে তাহার সকল সম্পদ, স্ত্রী-পুত্র, ফসল, বাগান ইত্যাদি সব কিছুই উজাড় করিয়া লইলেন। এমনকি তাঁহাকে কঠিন রোগে আক্রান্ত করিলেন। তাঁহার শরীরে পোকা হইয়া গিয়াছিল। সাত বৎসরের অধিক সময় এই অবস্থায় কাটিয়া গেল। অথচ তাহার ইবাদতের মধ্যে কোন প্রকার ত্রুটি আসিল না। আল্লাহ পাকের ফয়সালা ও ভাগ্যের বিপর্যয়ের প্রতি মনক্ষুন্ন হইলেন না। সকল পরীক্ষায় তিনি পাশ করিলেন। শয়তানের দাবি মিথ্যা প্রতিপন্ন হইবার পর আল্লাহ পাক তাহার পূর্বের সকল নে'মত ফিরাইয়া দিলেন। বর্ণিত হইয়াছে– অর্থঃ "আমি নিঃসন্দেহে তাহাকে ধৈর্য্যশীল পাইয়াছি। তাহার ঘটনার মধ্যে তোমাদের জন্য শিক্ষনীয় রহিয়াছে।"

অত্র শে'রটির দ্বিতীয়াংশে ইউনূস (আঃ) এর ঘটনার প্রতি ইঙ্গিত করা হইয়াছে।

ঘটনা ঃ হযরত ইউনূস (আঃ) বর্তমান ইরাকের অন্তর্গত মওসেল শহরের নীনোয়ার অধিবাসী ছিলেন। তিনি উক্ত জনপদে তাবলীগের জন্যে আদিষ্ট হইয়াছিলেন। তাহাদের চরম নাফরমানীর দরুন যখন আযাব আসিবার উপক্রম হইল, তখন তিনি আল্লাহ পাকের আদেশ ছাড়াই সেখান হইতে অন্যত্র যাত্রা করিলেন। পথি মধ্যে তুফান শুরু হইলে নৌকা ডুবিয়া যাওয়ার উপক্রম হইল। অন্যান্য আরোহীরা বলাবলি শুরু করিল– নিশ্চয় ইহাতে কোন মনিবের পলাতক গোলাম রহিয়াছে। ইউনূস (আঃ) বলিলেন– সেই লোকটি আমিই। তাহারা ইহা না মানিয়া লটারী করিল। প্রতিবারই তাহার নাম উঠিল। পরিশেষে তিনি নদীর তরঙ্গ মালার মধ্যে লাফাইয়া পড়িলেন। এইদিকে আল্লাহ পাকের হুকুমে একটি মাছে তাহাকে গিলিয়া ফেলিল। আল্লাহর আদেশে মাছে তাহাকে হজম করিতে পারিল না। তিনি পেটে থাকিয়া لا اله الا انت سبحانك الخ -এর মাধ্যমে আল্লাহর দরবারে নিজ পাপের জন্য ফরিয়াদ করিতে থাকেন। সাতদিন মতান্তরে ৪০দিন পরে মাছে তাহাকে নদীর তীরে পেট হইতে বাহির করিয়া ফেলিল। আল্লাহ পাক তথায় লাউগাছ সৃষ্টি করিয়া দিলেন। উহার নীচে থাকিয়া তাহার সিদ্ধ হওয়া শরীর ক্রমান্বয়ে স্বাভাবিক অবস্থায় ফিরিয়া আসিল। অপরদিকে তাহার কওম মূর্তি সমূহ ভাঙ্গিয়া তওবা করিল, ফলে আল্লাহ পাক আযাব উঠাইয়া লইলেন।

(৩) দ্বিতীয় শে'রের প্রথমাংশে যাকারিয়া (আঃ) এর ঘটনার প্রতি ইশারা করা হইয়াছে।

ঘটনা ঃ ইয়াহুদীদের চক্রান্তে তৎকালীন বাদশাহ হযরত ইয়াহ্ইয়া (আঃ)-কে শহীদ করিয়া ফেলে। তাহারা তাঁহার পিতা যাকারিয়া (আঃ) এর ব্যাপারেও বাদশাহের নিকট মিথ্যা প্রচারণা শুরু করে। অবস্থা গুরুতর দেখিয়া তিনি একটি গাছের মধ্যে ঢুকিয়া যান। ঘটনাক্রমে চাদরের এক কোণা সামান্য বাহিরে থাকিয়া যায়। শয়তান উহা তাহাদিগকে দেখাইয়া ঘটনা বলিয়া দেয় এবং গাছ ফাড়িবার পরামর্শ দেয়। তাহারা তাহাই করিল। ইহাতে হযরত যাকারিয়া (আঃ) দ্বিখণ্ডিত হইয়া যান।

শে'রের দ্বিতীয়াংশে উহার বিপরীত কাজ বর্ণিত হইয়াছে যে, একদিকে সামান্য ভুলের দরুন তাহার প্রিয় বান্দাদিগকে কত ভীষণ বিপদে নিক্ষেপ করেন। অপরদিকে বহু নাফরমান বান্দাকে বাহ্যিকভাবে কত নে'মত, ক্ষমতা ও রাজত্ব দান করেন।

www.e-ilm.weebly.com

هست سلطانی مسلّم مر اُورا | نیست کس را زہرۂ چون وچرا
آں یکے را گنج و نعمت میدہد | دیگرے را رنج وزحمت میدہد
آں یکے را زر دو صد ہمیاں دہد | دیگرے در حسرتِ ناں جاں دہد
آں یکے بر تخت با صد عزّ و ناز | دیگرے کردہ دہاں از فاقہ باز

ترجمہ اردو : (۱) بادشاہی خاص کر اسی اللہ کیلے مسلم (ما ناگیا) ہے - (اسکے کام میں) کسی کو اعتراض کی طاقت (حق) نہیں ہے -
(۲) اس اللہ نے ایک کو خزانہ اور نعمت دیتا ہے - دوسرے ایک کو تکلیف اور تنگی دیتا ہے
(۳) اس نے ایک کو دو سو تھیلی سونا دیتا ہے* دوسرے ایک روٹی کی افسوس میں جان دیتا ہے -
(٤) وہ ایک شخص بالاخانہ پرسو عزت اور ناز نخرے میں ہے
دوسرا ایک بھوک سے منہ کھلا ہوا رکھا ہے -

শব্দার্থ- তাহকীক ঃ مسلم স্বীকৃত, مرورا মূলতঃ مراورا ছিল, অর্থ- তাঁহারই জন্য নির্দিষ্ট, زہرہ ক্ষমতা, چون وچرا প্রশ্ন অর্থে, گنج - খনি, ধন ভাণ্ডার زحمت - অভাব-অনটন, সংকীর্ণতা, ভীড়, زر - স্বর্ণ, স্বর্ণমুদ্রা, ہمیان থলি, তোড়া, حسرت আফসোস, অনুতাপ, تخت সিংহাসন, عز সম্মান, ناز গর্ব, অহংকার, আদর, فاقہ ক্ষুধা, باز খোলা।

বঙ্গানুবাদ ঃ (১) প্রকৃত বাদশাহী আল্লাহর জন্যই নির্দিষ্ট, তাহার কার্যে কাহারো প্রশ্ন করিবার অধিকার নাই।

(২) আল্লাহ পাক একজনকে ধন-ভাণ্ডার ও ঐশ্বর্য দান করেন, অপরজনকে দুঃখ-কষ্ট ও অভাব-অনটনের মধ্যে রাখেন।

(৩) একজনকে তিনি স্বর্ণের দুই (শত) শত থলি দান করেন,অপর একজনকে রুটি-রুযীর আফসোস দেন।

(৪) এক ব্যক্তি সিংহাসনে শত সম্মান ও গর্বের সহিত রহিয়াছে। অপর একজনের ক্ষুধার তাড়নায় মুখ খুলিয়া রহিয়াছে।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (১) তৃতীয় শে'রে আল্লাহ পাক স্বীয় ইচ্ছাও কার্যে সম্পূর্ণ স্বনির্ভর, কাহারো প্রতি কোন প্রকার মুখাপেক্ষী নন ইহাই ব্যাক্ত করা হইয়াছে।

(২) অত্র শে'রগুলিতে আল্লাহ পাকের অপার ক্ষমতা ও মহিমার কথা ব্যক্ত হইয়াছে। তিনি স্বীয় ইচ্ছা ও এরাদায় সম্পূর্ণ স্বাধীন, যাহাকে যে অবস্থায় ইচ্ছা করেন সে অবস্থায় রাখেন। যেমন- একজনকে তিনি অগাধ ধন-সম্পদ দান করেন, অপর জনকে নিঃস্ব-নিঃসম্বল বানান। একজনকে মহান ইয্যতের সহিত সিংহাসনে বসান, অপর একজনকে পথের ভিখারী বানান।

www.e-ilm.weebly.com

آں یکے پوشیدہ سنجاب وسمور | دیگرے خفتہ برہنہ در تنور
آں یکے بر بستر کمخاب و نخ | دیگرے بر خاک خواری بستہ میخ
طرفۃ العینے جہاں بر ہم زند | کس نمی آرد کہ آنجا دم زند
آنکہ با مرغِ ہوا ماہی دہد | بندگاں را دولت و شاہی دہد

ترجمہ اردو :(۱) وہ ایک شخص سنجاب وسمور (عمدہ لباس) پہنا ہوا ہے - اور دوسرا ایک شخص ننگا سویا ہوا ہے چولہے کے پاس -

(۲) وہ ایک شخص ریشمی اور شطرنج بچھونے میں ہے * دوسرا ایک شخص ذلتی برف (کے مانند) جما ہوا ہے -

(۳) آنکھ کی پلک میں جگت کو برباد کردیتا ہے - کسی کو طاقت نہیں کرا وہاں اعتراض کرے -

(٤) اس اللہ نے ہوا کے پرندے کو مچھلی دیتا ہے - بندوں کو دولت اور بادشاہی عطا کرتا ہے -

শব্দার্থ- তাহকীক ঃ پوشیدہ পরিহিত, *اسم مفعول* - پوشیدن *سنجاب وسمور*-م মূল্যবান কাপড় বিশেষ, تنور - তন্দুর, চুলা, بستر বিছানা, کمخواب - রেশমী কাপড়, نخ শতরঞ্জ, নরম গালিচা, خوار - লাঞ্ছনা, بستہ - বাঁধা, জমাট, *اسم* یخ , م بستن , *مفعول* বরফ।

বঙ্গানুবাদ ঃ (১) একজন সন্‌জাব ও সামুর (মূল্যবান বস্ত্র) পরহিত রহিয়াছে। আর একজন বস্ত্রহীন হইয়া চুলার পার্শ্বে পড়িয়া রহিয়াছে।

(২) একজন রেশমী বস্ত্র ও শতরঞ্জীর কোমল বিছানায় রহিয়াছে। অপর একজন লাঞ্ছনার মাটিতে জমাট বরফ (তুল্য) হইয়া রহিয়াছে।

(৩) তিনি চোখের পলকে পৃথিবীকে ধ্বংস করিয়া দেন (ধ্বংসের ক্ষমতা রাখেন)। কাহারো তাহার নিকট প্রশ্ন (কৈফিয়ত তলব) করিবার ক্ষমতা নই।

(৪) মহান আল্লাহ শূণ্যের পাখিকে (নদীর) মাছ (দ্বারা আহার) দেন- মানুষকে ধন-সম্পদ ও রাজত্ব দেন।

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ উপরোক্ত সকল শে'রে আল্লামা ফরীদ উদ্দীন আত্তার (রহঃ) আল্লাহ তায়ালার অপার কুদরত ও ক্ষমতার কতিপয় দৃষ্টান্ত পেশ করিয়াছে না। এই কথা প্রমাণিত করিয়াছেন যে, যিনি এতো সব ক্ষমতার অধিকারী সকল প্রশংসা তো তাঁহারই জন্যে উচিৎ।

www.e-ilm.weebly.com

بے پدر فرزند پیدا او کند | طفل را در مہد گویا او کند
مردۂ صد سالہ را حے می کند | ایں بجز حق دیگرے کے می کند
صانعے کز طیں سلاطیں می کند | نجم را رجم شیاطیں می کند

ترجمة اردو (۱) : بغیر باپ کے وہ اولاد پیدا کرتا ہے بچہ کو گہوارہ میں وہی بولنے والا بناتا ہے
(۲) سو برس کے مردے کو وہ زندہ کرتا ہے-یہ بجز اللہ کے کون کرسکتا ہے -
(۳) وہ ایسا کاری گر ہے کہ مٹی سے بادشا مبتاتا ہے . ستارہ کو شیطان کیلئے رجم کرتا ہے -

শব্দার্থ- তাহকীক ঃ بے پدر فرزند পিতৃবিহীন সন্তান, طفل শিশু, مہد দোলনা, گویا বাকশক্তি সম্পন্ন, اسم فاعل سماعی, واحد - حی জীবিত, بجز ব্যতিত, حق সত্য, আল্লাহ, صانع শিল্পী, কারিগর سلاطین - سلطان-এর বহুঃ বাদশাহ, نجم নক্ষত্র, উল্কা, رجم পাথর নিক্ষেপ, شیاطین - شیطان -এর বহুঃ অবাধ্য, ইবলীস।

বঙ্গানুবাদ ঃ (১) পিতৃবিহীন (মাধ্যম বিহীন) তিনি সন্তান সৃষ্টি করেন। শিশুকে দোলনার মধ্যে বাকশক্তি সম্পন্ন করেন। ১.

(২) একশত বৎসরের মৃতকে তিনি জীবিত করেন। ইহা আল্লাহ ছাড়া কে করিতে পারে? ২.

(৩) তিনি এমন শিল্পী। (সুনিপুণ স্রষ্টা) যে, মাটি হইতে রাজা-বাদশাহ সৃজন করেন। নক্ষত্র (উল্কা পিণ্ড) কে শয়তানকে বিতাড়িত করিবার জন্য পাথরের ন্যায় নিক্ষেপ করেন। ৩.

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ আল্লাহর অসীম ক্ষমতা হইতে উদাহরণ স্বরূপ অত্র শে'রগুলিতে কয়েকটি উল্লেখ করা হইয়াছে। (১) পিতা বিহীন পুত্র সন্তান সৃষ্টি করা যথা- হযরত ঈসা (আঃ) মারইয়ামের গর্ভে পিতা বা পুরুষের মাধ্যম ছাড়াই জন্ম লাভ করেন। মানুষে যখন তাঁহাকে যিনার অপবাদ দিল তখন আল্লাহ পাক ঐ নবজাত শিশুকেই তাহার পরিচয় জিজ্ঞাসা করিবার হুকুম দিলেন। তাহারা তাহার পিতার পরিচয় জানিতে চাহিলে তিনি বলিলেন- انی عبد اللہ اتانی الکتاب الخ "আমি আল্লাহর বান্দা (রাসূল) আমাকে তিনি কিতাব দান করিয়াছেন"।

(২) হযরত উযায়ের (আঃ)-কে একশ বৎসর পর জীবিত করেন। বর্ণিত আছে যালিম বাদশাহ বুখতে নছর বায়তুল মুকাদ্দাসের সন্নিকট বহু মানুষকে হত্যা করিয়া ফেলিয়া রাখিয়াছিল, হযরত উযায়ের (আঃ) উক্ত স্থান দিয়া যাইবার সময় তাহাদের বিচ্ছিন্ন হাঁড় দেখিয়া মনে মনে ভাবিতে লাগিলেন আল্লাহ পাক ইহাদিগকে কিরূপে জীবিত করিবেন? এই চিন্তা আসা মাত্র আল্লাহ পাক তাহাকে ও তাঁহার গাঁধাকে মউত দিলেন। একশত বৎসর পরে তাঁহাকে জীবিত করিলেন। তাঁহার সম্মুখে তাহার মরা গাঁধাকেও জীবিত করাইয়া দেখাইলেন। অত্র শে'রে এই ঘটনার প্রতি ইঙ্গিত করা হইয়াছে। (বাকী টীকা পঃ পৃঃ দৃষ্টব্য)

www.e-ilm.weebly.com

از زمین خشک رویاند گیاہ | آسماں را بے ستوں دارد نگاہ
ہیچ کس در ملکِ او انباز نے | قولِ او را لحن نے آواز نے

ترجمہ اردو : (۱) سوکھی زمین سے تازہ گھاس اگاتا ہے - آسماں کو بغیر ستون کے حفاظت رکھا ہے -
(۲) کوئی شخص اسکی بادشاہت میں اسکا شریک نہیں ہے - اسکے کلام کا کوئی سر نہیں اور آواز (بھی) نہیں -

শব্দার্থ-তাহকীক ঃ خشک শুষ্ক, رویاند উৎপন্ন করেন, مضارع ، واحد غائب - رویانیدن -مصدر متعدی گیاہ ঘাস, ستون খুটি, نگاہ হেফাযত, সংরক্ষণ, ہیچ কোন, انباز শরীক, অংশীদার, قول কথা, لحن সুর।

বঙ্গানুবাদ ঃ (১) তিনি শুষ্ক যমীন হইতে (সতেজ) ঘাস উৎপন্ন করেন। (বিশাল) আকাশকে খুটিবিহীন হেফাযত রাখেন। ১.

(২) কোন মানুষ তাহার রাজত্বে অংশীদার নয়, তাহার কথার কোন সুর ও স্বর নাই। ২.

ব্যাখ্যা-বিশ্লেষণ ঃ (পূর্বের বাকী অংশ)

(৩) আসমানে যখন ফেরেশতাদের মাঝে ভবিষ্যত কাজ-কর্মের প্রোগ্রাম ও আলোচনা হয়, তখন শয়তান উহা শুনিবার চেষ্টা করে। যাহা কিছু শোনে উহা কোন কোন গণক ও জ্যোতিষের কাছে পৌঁছাইয়া দেয়। ফলে তাহারা অগ্রিম সংবাদ মানুষের নিকট প্রকাশ করে। এই কারণে শয়তানকে বিতাড়িত করিবার জন্য উল্কা বা তারকা খন্ড নিক্ষেপ করা হয়।

(১) অর্থাৎ আল্লাহ তাআলা কত অসীম কুদরতের অধিকারী, যে শুষ্ক উর্বরতাহীন যমীনে বৃষ্টি বর্ষণ করিয়া বীজ-দানা ছাড়াই সেখানে সবুজ শ্যামল ঘাস ও উদ্ভিদ উৎপন্ন করেন।

(২) আল্লাহ তাআ'লার কোন গুণ ও সিফতের সহিত বান্দার কোন গুণ ও সিফাত সমতুল্য ও সাদৃশ্যপূর্ণ নয়। আল্লাহর জাত-সত্বা যেমন চিন্তা-কল্পনার বাহিরে তাহার গুণ-সিফাত ও চিন্তা-কল্পনা বহির্ভূত। যেমন কথা বলা আল্লাহর একটি গুণ বা সিফাত। কিন্তু আমাদের কথার যেমন স্বর ও সূর আছে এবং ইহা ছাড়া কথা বলা সম্ভব নয় আল্লাহর কথা এই রূপনয়। উহা কিরূপ তাহা কাহারো জন্য বলা সম্ভব নয়। এই অংশে উহাই বুঝান হইয়াছে।

www.e-ilm.weebly.com

در نعت سید المرسلین صلی اللہ علیہ وآلہ وسلم

بعد ازیں گویم نعت مصطفٰے — آنکہ عالم یافت از نورش صفا
سید کونین ختم المرسلیں — آخر آمد بود فخر الاولیں
آنکہ آمد تا فلک معراج او — انبیا و اولیا محتاج او

ترجمہ اردو : (۱) اللہ تعالی کی تعریف کی بعد حضرت محمد مصطفی صلعم کی تعریف بیان کرتے ہیں -جنکے نور سے تمام عالم روشنی پائی ہے -
(۲) آپ دونوں جہاں کے سردار اور آخری رسول ہیں - سب نبیون اسکے پیچھے آئے مگر اگلے والو کے (باعث) فخر ہیں -
(۳) وہ نبی کہ نوآ سمانے انکے معراج میں آئی ہے - تمام نبی اور ولی انکے محتاج ہیں -

শব্দার্থ- তাহকীক ঃ نعت প্রশংসা, গুণকীর্তন, سید নেতা, সরদার, مرسلین- مرسل এর বহুঃ রসূল, প্রেরীত, مصطفی মনোনীত, নির্বাচিত, রাসূল (সাঃ) উদ্দেশ্য, صفا পরিচ্ছন্নতা, শিরক ও কুফরের অন্ধকার হইতে ঈমানের নূরে নূরান্বিত হওয়া উদ্দেশ্য। کونین - کون এর দ্বিবচন, জগত, দুনিয়া ও আখিরাত উদ্দেশ্য। اولین اول এর বহুঃ প্রথম, পূর্ববর্তী, فلک আকাশ, সাত আসমান, معراج সিঁড়ি, উচ্চ, নবীজীর আল্লাহ পাকের সান্নিধ্যে গমন উদ্দেশ্য।

বঙ্গানুবাদ ঃ (১) আল্লাহ তাআলার গুণগানের পরে নবী করীম (সঃ) এর প্রশংসা বানী বর্ণনা করিতেছি। যাহার নূরে সমগ্র জগত নূরন্বিত হইয়াছে। ১.

(২) তিনি উভয় জগতের সরদার আখেরী নবী, (যদিও) পরে আগমন করিয়াছেন (কিন্তু) পূর্ববর্তী সকল নবীর গর্ব ছিলেন। ২.

(৩) তিনি ঐ রাসূল যিনি নয় আকাশ (সপ্তাকাশ, আরশ ও কুরছি) যাহার মে'রাজের মধ্যে আসিয়াছে, সকল নবীও অলীগণ তাহার মুখাপেক্ষী। ৩.

টীকা ঃ (১) বান্দার উপর সর্বপ্রথম ও সব চাইতে বেশী ইহসান ও অনুগ্রহ আল্লাহ তাআলার, অতঃপর তাহার নবীর। এই জন্যে মুসান্নিফ (রঃ) আল্লাহর গুণ-গানের পরেই নবীজীর গুণ-গান গাহিয়াছেন।

(২) তাঁহার আবির্ভাবের সময় সমগ্র বিশ্ব পাপ-পঙ্কিলতায় নিমজ্জিত ছিল শিরক ও কুফরে অন্ধকারাচ্ছন্ন ছিল। তাহার আগমনে সকল অন্ধকার দূরীভূত হইয়া যায়। ঈমান ও ইসলাম এবং ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠিত হয়। অত্র শে'রে উহাই বুঝানো হইয়াছে। (বাকি টীঃ পঃ পৃঃ দ্রষ্টব্য)

www.e-ilm.weebly.com

شد وجودش رحمۃ للعالمیں | مسجدِ او شد ہمہ روئے زمیں
صد ہزاراں رحمت جاں آفریں | بر وے و بر آلِ پاکِ طاہریں
آنکہ شد یارش ابوبکرؓ و عمرؓ | از سر انگشت او شق شد قمر

ترجمہ اردو : (۱) آپکا وجود سارے جہان کیلے باعث رحمت ہے - تمام روئے زمین اسکے سجدہ گاہ ہے -
(۲) جان پیدا کرنے والا اللہ تعالی کا لا کھوں رحمت (نازل ہوجیوں) ان پر اور انکے پاک اہل وعیال پر -
(۳) وہ رسول جنکے دوست ہیں ابو بکر رضہ اور عمر رضہ - اسکی انگلی کی سرکے اشارے سے چاند ٹکڑاہوا -

শব্দার্থ-তাহকীক ঃ وجود অস্তিত্ব, عالمین জগত সমূহ, روئے زمین ভূপৃষ্ঠ, صد - طاہری اسم فاعل سماعی, جان آفرین জীবন সৃষ্টিকর্তা, আল্লাহ, ہزاراں লক্ষ লক্ষ, বহুঃ পবিত্র, سرانگشت আঙ্গুলের মাথা, شق বিদীর্ণ হওয়া, খণ্ড হওয়া, قمر চন্দ্র।

বঙ্গানুবাদ ঃ (১) তাঁহার অস্তিত্ব (আবির্ভাব) সমগ্র জগতের জন্যে করুণা, সমগ্র ভূ-পৃষ্ঠ তাঁহার সেজদার স্থান। ১.

(২) প্রাণ স্রষ্টা আল্লাহ তাআলার লাখো রহমত (বর্ষিত হোক) তাহার উপর এবং তাঁহার পূতঃ পবিত্র পরিবার-পরিজনের উপর।

(৩) তাহার বিশেষ বন্ধু ছিলেন হযরত আবু বকর (রাঃ) ও উমর (রাঃ), (তাঁহার) আঙ্গুলের ইশারায় চন্দ্র দ্বিখণ্ডিত হইয়াছে।

(পূর্বের বাকী টীকা) (৩) আল্লাহপাক একমাত্র আমাদের নবীজী (সাঃ)-কে স্বশরীরে মহান সম্মান ও মর্যাদার সাথে আরশে আযীমে লইয়াছিলেন। তাহার সৃষ্ট আশ্চর্য আশ্চর্য কুদরত দেখাইয়া ছিলেন। খানায়ে কা'বা হইতে বায়তুল মুকাদ্দাস হইয়া একে একে সপ্তাকাশ আরশ ও কুরছী, অতঃপর জান্নাত ও জাহান্নাম ভ্রমণ করিয়া উক্ত পথে ফিরিয়া আসেন।

টীকা ঃ (১) অন্যান্য নবীগণের যুগে মসজিদ ছাড়া অন্য স্থানে নামায আদায় ও সেজদা করিবার অনুমতি ছিলনা। কিন্তু আমাদের নবীর উম্মতের জন্য পৃথিবীর যে কোন জায়গায় নামায পড়া জায়েয। ইহা আমাদের নবীজীর বিশেষ বৈশিষ্ট।

(২) একবার কতিপয় কাফের নবীজীর (সাঃ) নিকট আসিয়া বলিল– যদি আপনি চন্দ্র দ্বিখণ্ডিত করিয়া দেখাইতে পারেন তবে আমরা ঈমান আনিব। নবী করীম (সাঃ) আঙ্গুল ইশারা করা মাত্র উহা দ্বিখণ্ডিত হইয়া পার্শ্ববর্তী দুই পাহাড়ের দিকে নজরে আসিল এবং পরক্ষণেই মিলিয়া গেল। অথচ হতভাগারা ইহাকে যাদু বলিয়া উড়াইয়া দিল। উল্লেখ্য যে, যেই সমস্ত বৈজ্ঞানিক চাঁদে গিয়েছিলেন তন্মধ্য হইতে একজন উক্ত চিহ্ন দেখিয়া মুসলমান হইয়াছিলেন। অত্র শে'রের প্রথম অংশে উল্লিখিত হযরত আবু বকর ও উমর (রাঃ) চন্দ্র তুল্য হওয়ায় পরবর্তী অংশে চন্দ্রের কথা উল্লেখ করা হইয়াছে। হযরত আয়েশা (রাঃ) স্বপ্ন দেখিয়াছিলেন যে, একদা "নবী করীম (সাঃ)-এর সহিত চন্দ্রের আকারে তাহারা দুইজন তাঁহার গৃহে আবির্ভূত হইয়াছেন।" পরবর্তীতে তাঁহারই গৃহে নবীজীর শিয়রে উভয়ে দাফন কৃত হইয়াছেন।

www.e-ilm.weebly.com

آں یکے او رارفیقِ غار بود | واں دگر لشکر کشِ ابرار بود
صاحبش بودند عثمانؓ و علیؓ | بہرِ آں گشتند در عالم ولی

آں یکے کانِ حیا و حلم بود | واں دگر بابِ مدینہ علم بود
آں رسولِ حق کہ خیر الناس بود | عمِّ پاکش حمزہؓ و عباسؓ بود
ہر دم از ما صد درود و صد سلام | بر رسول و آل و اصحابش تمام

ترجمہ اردو : (۱) وہ ایک آنحضرت صلعم کے غارثور کے ساتھی تھے - اور وہ دوسرا نیک کاروں کا سپہ سالار تھے -

(۲) اسکے خاص ساتھی اور صحابی تھے حضرت عثمان اور علی - اسکے سبب سے وہ دونوں جہاں کا سردار (خلیفہ) ہوئے -

(۳) وہ ایک (حضرت عثمان) حیا وبردباری کے خزینے تھے - اور وہ دوسرا (حضرت علی) علم کے شہر کے دروازہ ہے -

(٤) وہ اللہ کے رسول جو تمام انسان سے بہتر تھے-انکے پاک چچا حضرت حمزہ اور عباس تھے -

(٥) ہر وقت ہم سے سینکڑوں درود و سلام ہیں-رسول پاک اور انکے تمام آل واصحاب پر

শব্দার্থ- তাহকীক ঃ رفیق সাথী, غار - গুহা, গারে সাওর উদ্দেশ্য, لشکرکش সেনাপতি, ابرار নেককার, সৎ ব্যক্তি, صاحب সাথী, بہر জন্য, কারণ, عالم জগত, ولی বন্ধু, অভিভাবক, کان খনি, حلم সহ্য, সহনশীলতা, دگر দ্বিতীয়, باب দরজা, ফটক, গেট, مدینہ শহর, নগর, خیر الناس সর্বশ্রেষ্ঠ মানব, عم চাচা,

বঙ্গানুবাদ ঃ (১) ইহাদের মধ্য হইতে একজন (আবু বকর (রাঃ)) গারে সাওরের সাথী ছিলেন। আর দ্বিতীয় জন নেক বান্দাদের সিপাহ সালার ছিলেন। ১.

(২) তাঁহার (সাঃ) সাথী ছিলেন হযরত উসমান ও হযরত আলী (রাঃ), তাঁহার অছীলায় তাঁহারা জগতের বুকে সরদার (মহা মর্যাদাবান) হইয়াছেন।

(৩) তন্মধ্য হইতে একজন (হযরত উসমান রাঃ) লজ্জা ও ধৈর্য-সহ্যের খনি ছিলেন। আর দ্বিতীয় জন (হযরত আলী) ইলম নগরীর ফটক ছিলেন। ২.

(৪) আল্লাহর রাসূল (সাঃ) যিনি সর্বশ্রেষ্ঠ মানব ছিলেন। তাঁহার পবিত্র (শ্রদ্ধেয়) চাচা ছিলেন হযরত হামযা ও আব্বাস (রাঃ)।

(৫) আমাদের থেকে শত দরুদ ও সালাম সদা বর্ষিত হোক-হযরত রাসূলুল্লাহ (সাঃ) ও তাঁহার সকল পরিবার-পরিজনের প্রতি।

টীকা ঃ (১) হুযূর (সাঃ) যখন হিজরতের সময় কাফেরদের চক্ষু এড়াইবার জন্যে রাতের অন্ধকারে বাহির হইলেন, তখন তাহার সুখ-দুঃখের চিরসাথী (বাকি টীকা পঃ পৃঃ দ্রষ্টব্য)

www.e-ilm.weebly.com

در فضیلتِ ائمہ دین مجتہدین

آں امامانے کہ کردند اجتہاد | رحمتِ حق بر رُوانِ جملہ باد
بوحنیفہؒ بُد امامِ باصفا | آں سراجِ اُمّتانِ مصطفا
باد فضلِ حق قرینِ جانِ او | شاد باد ارواحِ شاگردانِ او

ترجمۂ اردو : (۱) جن اماموں نے اجتہاد کیا ہے-اللہ کی رحمت انکی روح پر نازل ہو جیوں
(۲) امام ابو حنیفہ (رح) صفائی (رای) والا امام تھے - وہ محمد مصطفی صلعم کے امتوں کے چراغ تھے -
(۳) اللہ کے فضل وکرم انکی جان کی ساتھی ہو جیوں، انکی شاگردوں کی روحیں خوش رہیں

শব্দার্থ- তাহকীক ঃ فضیلت মর্যাদা, ائمہ -امام এর বহুঃ নেতা, مجتہدین - مجتہد এর বহুঃ পরিশ্রমী, সাধক, কুরআন সুন্নাহ হইতে শরয়ী মাসায়েলের সমাধান বাহিরকারী - اجتہاد - পরিশ্রম করা, গবেষণা কর, শরয়ী দলীলের আলোকে শরয়ী সমস্যাবলীর সমাধান বাহির করা, امام - امامانے এর বহুঃ یائے موصوفہ টি یاء روان রূহ, جملہ সমস্ত, باد হোক, بو মূলতঃ ابو ছিল, بود - بد এর সংক্ষেপ, ছিল, صفا পরিছন্ন-আত্মা বা চিন্তা-গবেষণার পরিশুদ্ধতার অধিকারী উদ্দেশ্য। سراج প্রদীপ, فضل حق আল্লাহর করুণা, قرین সাথী, شاد খুশী, আনন্দ।

বঙ্গানুবাদ ঃ (১) যে সকল ইমামগণ ইজতিহাদ করিয়াছেন- আল্লাহর করুণা বর্ষিত হোক, তাঁহাদের সকলের রূহের উপর। [১]

(২) ইমাম আবু হানীফা (রঃ) ছিলেন পরিছন্ন (আত্মার অধিকারী) ইমাম। তিনি ছিলেন (আল্লাহর) মনোনীত রাসূলের উম্মতের প্রদীপ।

(৩) আল্লাহর অনুগ্রহ তাঁহার আত্মার সাথী হোক! তাঁহার শিষ্যবৃন্দের আত্মা সমূহ প্রফুল্ল (আনন্দিত) হোক। (২)

(পূর্বের বাকী অংশ) হযরত আবু বকর এই সংকট পূর্ণ মুহূর্তে তাঁহার সাথী ছিলেন। কিছু পথ অতিক্রম করিয়া সাওর পর্বতের গুহায় উভয়ে আত্ম গোপন করেন। আয়াত ثانی اثنین اذھما فی الغار তাহারই শানে নাযিল হইয়াছে।

(২) ইহার দ্বারা انا مدینۃ العلم وعلی بابھا "আমি হইলাম ইলমের নগরী, আর আলী হইল উহার দরজা" হাদীসের প্রতি ইঙ্গিত।

টীকা ঃ(১) আল্লাহ, রাসূলও সাহাবায়ে কেরামের পরেই উম্মতের উপর ইমাম মুজতাহিদ-গণের অবদান। কারণ তাঁহারা কুরআন সুন্নাহ হইতে শরয়ী সকল সমস্যার সমাধান দিয়া গিয়াছেন। যাহার কারণে আমাদের আমল করা অতি সহজ সাধ্য হইয়াছে। নতুবা শরীঅতের কুলহীন দরিয়া সাতরাইয়া তীরে পাড়ি দেওয়া সরাসরি কুরআন সুন্নাহ হইতে সমাধান বাহির করা কয়জনের জন্য সম্ভব হইত? এই কারণে মুসান্নিফ (রঃ) তাহাদের ফযীলত বর্ণনা করিয়াছেন।

(২) ابو حنیفہ رح জগৎ বিখ্যাত ইমাম ও মুজতাহিদ, তাহার প্রকৃত নাম نعمان পিতার নাম ثابت ইমাম আযম তাঁহার উপাধী, জন্ম ৮০ হিঃ ওফাত ১৫০ হিঃ, ইরাকের কূফা নগরের অধিবাসী।

www.e-ilm.weebly.com

صاحبش بویوسفؒ قاضی شدہ	وز محمدؒ ذوالمنن راضی شدہ
شافعی ادریسؒ و مالکؒ باز فرؒ	یافت زیشاں دینِ احمدؐ زیب و فر
احمدِ حنبلؒ کہ بود او مردِ حق	در ہمہ چیز از ہمہ بردہ سبق
روحِ شاں در صدرِ جنّت شاد باد	قصرِ دیں از علمِ شاں آباد باد

ترجمہ اردو : (۱) انکے شاگرد امام ابو یوسف رح قاضی ہوئے - اور امام محمد رح پر اللہ تعالی راضی ہوئے -

(۲) امام شافعی بن ادریس اور مالک مع امام زفر کے - دین محمدی ان سے زینت اور شان پائی ہے -

(۳) امام احمد بن حنبل جوکہ مرد حق تھے-تمام چیزوں میں وہ سب سے سبقت لیگیا -

(٤) انکے روحیں بہشت میں خوش رہے-دین کا بالاخانہ ان سبکے علوم سے آباد رہے -

শব্দার্থ- তাহকীক ঃ قاضی বিচারপতি, وز মূলত واز ছিল, ذوالمنن - منت এরمنن বহুঃ ইহসান, দয়া, ذوالمنن দয়াময়, زیشاں - ازاین شاں - ছিল ইহাদের দ্বারা, زیب وفر ঐতিহ্য, بردہ লইয়া গিয়াছে, سبق অগ্রগামী বা বিজয়ী হওয়া, صدر সদর, উঁচু, قصر বালাখানা, অট্টালিকা।

বঙ্গানুবাদ ঃ (১) তাহার শিষ্য ইমাম আবু ইউসুফ (রঃ) (বাগদাদের) কাজী ছিলেন। আর ইমাম মুহাম্মদ (রঃ) এর উপর দ্বীনি খেদমতে আল্লাহ তাআলা অতি সন্তুষ্ট হয়েছিলেন।[১]

(২) ইমাম শাফেয়ী ইবনে ইদরীস (রঃ). ইমাম মালেক (রঃ) ও ইমাম যুফর (রঃ)- ইহাদের দ্বারা দ্বীনে মুহাম্মদী অতি ঐতিহ্য ও গৌরবময় হইয়াছে।

(৩) ইমাম আহমদ ইবনে হাম্বল (রঃ) যিনি অতি ন্যায়বান ব্যক্তি ছিলেন- সকল কাজে তিনি সবার অগ্রগামী হইয়াছেন।[২]

(৪) তাহাদের রূহ জান্নাতের উচ্চ শিখরে মহা সুখে থাকুক! দ্বীনের প্রাসাদ তাঁহাদের ইলমের দ্বারা সদা সজীব থাকুক।

টীকা ঃ (১) ইমাম আবু হানীফা (রঃ)-এর শিষ্যগণের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ছিলেন ইমাম আবু ইউসুফ, ইমাম মুহাম্মদ, ইমাম যুফর ও হাসান ইবনে যিয়াদ (রহঃ)।

(২) ইমামগণের মধ্যে জগতে চার জনের মাযহাব বিশেষভাবে চালু রহিয়াছে। উহার মধ্যে হানাফী মাযহাব সর্ব উর্ধ্বে। অতঃপর পর্যায়ক্রমে ইমাম শাফেয়ী (রঃ) জন্ম ১৫০, মৃত ২০৪ হিঃ অতঃপর ইমাম মালেক (রঃ) (জন্ম ৯৩, মৃত ১৭৯ ও ইমাম আহমদ ইবনে হাম্বল (রঃ) জন্ম ১৬৪, মৃত ২৪১ হিঃ) এর মাযহাব।

www.e-ilm.weebly.com

مناجات بجناب مجیب الدعوات

بادشاہا جرم ما را درگذار	ما گنہگاریم و تو آمرزگار
تو نکوکاری و ما بد کردہ ایم	جرم بے اندازہ بے حد کردہ ایم
سالہا در بندِ عصیاں گشتہ ایم	آخر از کردہ پشیماں گشتہ ایم
دائماً در فسق و عصیاں ماندہ ایم	ہمقرینِ نفس و شیطاں ماندہ ایم

ترجمہ اردو : (۱) اے بادشاہ! ہمارے قصور کو معاف فرما - ہم گنہگار ہیں اور تو معاف کرنے والا ہے۔

(۲) تو نیک کام کرنے والا ہے اور ہم برے کام کئے ہیں - ہم بے شمار اور بے انتہا قصور کئے ہیں -

(۳) بہت برس ہم گناہ کی قید میں پھنسے ہوئے ہیں - آخر ہم گناہ سے شرمندہ ہوئے ہیں -

(٤) ہمیشہ ہم فاحشہ اور نافرمانی میں رہے ہیں - نفس امارہ اور شیطان کے ساتھی رہے ہیں -

শব্দার্থ- তাহকীক ঃ مناجات গোপনে আলাপ করা, আকুতি-মিনতি পেশ করা, جناب দরবার, সনিকট, مجیب উত্তর দাতা, মঞ্জুর কারী, دعوة - الدعوات -এর বহুঃ আহবান, ডাক, প্রার্থনা, بادشاہا - الف টি نداء জন্যে- হে বাদশাহ! جرم অন্যায় درگزار ছাড়িয়া দাও, "ক্ষমা কর" অর্থে, آمرزگار - ক্ষমা কারী, نکو ، نسبتی یائی অর্থাৎ بستی অর্থে তুমি নেক কাজ আঞ্জাম দানকারী, اسم فاعل سماعی کاری ، بے اندازہ অসংখ্য, بیحد অসীম, بند ফিকির, চিন্তা, دائما সর্বদা, فسق অশ্লীল, عصیان নাফরমানী, پشیمان লজ্জিত, অনুতপ্ত, ہمقرین সাথী,

বঙ্গানুবাদ ঃ (১) হে বাদশাহ! আমাদের অন্যায়কে ক্ষমা কর, আমরা পাপী তুমি ক্ষমাকারী।

(২) তুমি ন্যায়বান, আমরা অন্যায় করিয়াছি, অসংখ্য ও অসীম পাপ করিয়াছি।

(৩) বহু বৎসর নাফরমানীর (গোনাহের) চিন্তায় ঘুরিয়া বেড়াইয়াছি, পরিশেষে কৃত কর্মের দরুন লজ্জিত হইয়াছি।

(৪) সর্বদা অশ্লীল ও নাফরমানীতে (লিপ্ত) রহিয়াছি- কুরিপু ও শয়তানের সাথী রহিয়াছি।

ফায়েদা ঃ শয়তান ও নফসে আম্মারা সর্বদা কুমন্ত্রনা দিয়া গোনাহের কাজে লিপ্ত করে। এই কারণে গোনাহে লিপ্ত হওয়া মাত্র অনুতপ্ত হইয়া আল্লাহর দরবারে ক্ষমা প্রার্থনা করা উচিত। বান্দা যতই গোনাহ করুক না কেন করুণাময় আল্লাহর দরবারে ক্ষমা ভিক্ষা করিলে তিনি সকল গোনাহ মাফ করিয়াদেন ইহা আল্লাহর ওয়াদা।

www.e-ilm.weebly.com

روز و شب اندر معاصی بوده ایم | غافل از امر و نواہی بوده ایم
بے گنہ نگذشت بر ما ساعتے | با حضورِ دل نہ کردم طاعتے
بر در آمد بندۂ بگریختہ | آبروئے خود بعصیاں ریختہ
مغفرت دارد اُمید از لطفِ تو | زانکہ خود فرمودۂ لاتقنطوا

ترجمہ اردو : (১) دن رات ہم گناہوں میں رہے ہیں-تیرے حکم اورمنع سے بے خبر رہے ہیں
(২) ہم پر بجز گناہ کے کوئی وقت نہیں گذرا - حضور قلب کے ساتھ کوئی عبادت نہیں کی
(৩) دروازہ پر آیا بھاگاہوا غلام - اپنی عزت وآبرو کو گناہ میں گراکر
(৪) معافی کی امید رکھتاہے تیرے مہربانی سے- کیونکہ تو خود فرمایا ہے لاتقنطوا (نا امید مت ہوتم)

শব্দার্থ- তাহকীক ঃ معاصی - معصیۃ এর বহুঃ পাপ, غافل উদাসীন, امر আদেশ, نواھی - نھی এর বহুঃ নিষেধ, بےگناہ গোনাহ বিহীন, ساعتے কোন সময়, حضور دل - یائے تنکیری একাগ্রচিত্তে, طاعتے কোন ইবাদত, بردر দরজার উপর, بگریختہ পলাতক, مغفرت با زائدہ ক্ষমা, لطف দয়া, زانکہ মূলতঃছিল ازآں کہ এই কারণে যে, কেননা, لاتقنطوا নিরাশ হইয়োনা, فرمودہ তুমি বলিয়াছ।

বঙ্গানুবাদ ঃ (১) দিবা- নিশি আমরা পাপ-পঙ্কিলতায় নিমজ্জিত রহিয়াছি, তোমার আদেশ নিষেধ হইতে উদাসীন রহিয়াছি।

(২) আমাদের উপর গোনাহ বিহীন কোন সময় অতিক্রম করে নাই, একাগ্র চিত্তে কোন ইবাদত আমরা করি নাই।

(৩) পলাতক দাস তোমার দরবারে আসিয়াছে- আপন মান সম্মান নাফরমানীতে বিকাইয়া দিয়া।

(৪) ক্ষমার আশা রাখে তোমার করুণার কারণে, কেননা তুমি নিজেই বলিয়াছ "তোমরা নিরাশ হইয়োনা"।

ফায়েদা ঃ আল্লাহ তাআলা পাক কালামে নবী করীম (সাঃ) কে হুকুম করিয়াছেন - یاعبادی الذین اسرفوا علی انفسکم لاتقنطوا من رحمۃ اللہ হে আমার ঐ সকল বান্দা যাহারা স্বীয় নফসের উপর সীমাহীন পাপ করিয়াছ! তোমরা আল্লাহর দয়া হইতে নিরাশ হইয়োনা, নিশ্চয় আল্লাহ সকল পাপ ক্ষমা করেন। অত্র শে'রে এই আয়াতের দিকে ইশারা করা হইয়াছে।

উল্লেখ্য যে, ইহা দ্বারা আল্লাহর হক সংক্রান্ত গোনাহ উদ্দেশ্য। বান্দার হক সংক্রান্ত গোনাহ মাফের জন্যে তাঁহারই নিকট ক্ষমা চাহিতে হইবে।

www.e-ilm.weebly.com

بحرِ الطافِ تو بے پایاں بود	نا اُمید از رحمتت شیطاں بود
نفس وشیطاں زد کریما راہِ من	رحمتت باشد شفاعت خواہِ من
چشم دارم از گنہ پاکم کنی	پیش ازیں کاندر لحد خاکم کنی
اندرآں دم کز بدن جانم بری	از جہاں با نورِ ایمانم بری

ترجمہ اردو : (۱) تیری مہربانی کی دریا بے انتہا ہے- تیرے رحمت سے شیطان ناامید ہوتاہے-

(۲) اے احسان کرنے والا مولی! نفس اور شیطان میرا راستہ بند کردیا ھے- تیری رحمت میری سفارش گار ہے-

(۳) امید رکھتاہوں کہ گناہ سے پاک کرے تو مجھے - اس سے پہلے کہ قبر میں مجھے مٹی کردے-

(٤) اس وقت جبکہ تو بدن سے میری جان کو لیجائے- دنیا سےنور ایمان کے ساتھ مجھے لیجائے-

শব্দার্থ- তাহকীক ঃ بحر সাগর, لطف - الطاف এর বহুঃ দয়া, بے پایاں কূলহীন, সীমাহীন, نامید নিরাশ, رحمتت তোমার করুণা, ضمیر مجرور چشم -اسم فاعل سماعی চক্ষু, লক্ষ, باضافت , شفاعت خواہ সুপারিশ কামী, پاکم আশা, আমাকে পবিত্র, کاندر - ضمیر متصل اضافی মূলতঃ که اندر ছিল, لحد - কবর, کزبدن যখন শরীর হইতে, بری লইয়া যাইবে, - واحد حاضر م بردن - مضارع

বঙ্গানুবাদ ঃ (১) তোমার দয়ার সাগর কূলহীন, তোমার রহমত হইতে শয়তান নিরাশ হোক।

(২) দয়াময় প্রভু! কুরিপু ও শয়তান আমার পথ বন্ধ করিয়া দিয়াছে। তোমার অনুগ্রহই আমার একমাত্র সুপারিশকারী (সহায়)।

(৩) আমি আশা রাখি আমাকে তুমি পাপ মুক্ত করিবে, উহার পূর্বে যখন আমাকে কবরে মাটিতে পরিণত করিবে।

(৪) যখন তুমি শরীর হইতে আমার প্রাণ বাহির করিয়া লইবে- দুনিয়া হইতে ঈমানের নূরের সহিত উঠাইয়া লইবে।

টীকা ঃ (১) মানুষের মৃত্যুর শেষ মুহূর্তটি অত্যন্ত সংকটপূর্ণ মুহূর্ত। এ সময় শয়তান মানুষকে ঈমান হারা করিবার জন্য আপ্রাণ চেষ্টা করে। কেননা যদি মৃত্যুর সময় ঈমান হারা করিতে পারে তাহা হইলে তাহার সারা জীবনের সকল নেক আমল মাটি হইয়া যাইবে, চিরদিনের তরে সে জাহান্নামী হইয়া যাইবে। এই কারণে ঈমানের সহিত মৃত্যু নছীব হইবার জন্য দোয়া করা জরুরী। এই জন্যে মুসান্নিফ (রঃ) ও উক্ত দোয়া দ্বারা মুনাজাত শেষ করিয়াছেন।

www.e-ilm.weebly.com

در بیانِ مخالفتِ نفسِ امّارہ

عاقل آں باشد کہ او شاکر بود	وانگہے بر نفسِ خود قادر بود
ہر کہ خشمِ خود فرو خورد اے جواں	باشد او از رستگارانِ جہاں
آں بود ابلہ ترینِ مردماں	کز پئے نفس و ہوا باشد دواں

ترجمہ اردو : (۱) عقلمند وہ شخص ہے جوکہ شکر گذار ہوے - اور اسوقت اس کے بعد نفس پر قدرت رکھنے والا ہوے-

(۲) اے جوان! جو شخص اپنے غصے کو ہضم کرتاہے -وہ دنیا کے نجات یا فتہ لوگوں سے ہوے-

(۳) لوگوں میں وہ سب سے زیادہ بیوقوف ہوے- جو نفس اور خواہشات کے پیچھے دوڑنے والاہوے -

শব্দার্থ– তাহকীক ঃ مخالفت বিরোধিতা, امارہ আদেশকারী, نفس امارہ অন্যায়ের প্রতি অতিশয় আদেশকারী, কুরিপু। عاقل জ্ঞানী, বিবেকবান, বুদ্ধিমান, شاکر শুকরিয়া আদায়কারী, কৃতজ্ঞ, قادر ক্ষমতাবান, স্বক্ষম, خشم রাগ, ক্রোধ, فرو خورد হজম/দমন করে, واحد غائب , مضارع - رفروخوردن م হজম করা, رستگاراں , ستگار এর বহুঃ মুক্তিপ্রাপ্ত, جمع , اسم فاعل سماعی - ابلہ تریں সর্বাধিক বোকা, واحد - اسم تفضیل - پے পিছনে, ہوا কামনা, কুরিপুর বাসনা, دواں দৌড়দাতা, واحد، اسم فاعل سماعی , م دویدن দৌড়ান, (دوا + ں)

বঙ্গানুবাদ ঃ (১) (প্রকৃত) বুদ্ধিমান সে যে, কৃতজ্ঞ হয়, অতঃপর নিজ নফ্‌সের উপর ক্ষমতাশীল হয়।

(২) হে যুবক! যে নিজ ক্রোধ দমন করে, সে জগতে শান্তি প্রাপ্তদের অন্তর্ভূক্ত হয়।

(৩) মানুষের মধ্যে সর্বাধিক নির্বোধ সে, যে নিজ নফস ও কামনার পিছনে দৌড়ায়।

ফায়েদা ঃ মানুষের মধ্যে তিন প্রকারের নফস থাকে।

১। নফসে মুৎমায়িন্না-সাধু আত্মা উহা সদা নেক কাজের প্রতি ধাবিত করে।

২। নফ্‌সে লাওওয়ামা, তিরস্কারকারী আত্মা উহা গোনাহের প্রতি লিপ্ত হইবার পর অনুতাপ সৃষ্টি করে। তবে গোনাহের থেকে ফিরাইতে পারে না।

৩। নফ্‌সে আম্মারা, কুআত্মা। ইহা সর্বদা অন্যায়ের প্রতি ধাবিত করে।

সুতরাং সদা নফসে আম্মারার বিরোধিতা করা এবং মনের অন্যায় কামনা বাসনা কে পরিত্যাগ করিয়া চলা উচিত। অন্যথায় উহা ধ্বংস করিয়া ছাড়িবে। ইহার জন্যে কঠোর সাধনা করা জরুরী।

www.e-ilm.weebly.com

وانکہ پندارد آں تاریک رای	خواہد آمرزیدنش آخر خدا ی
گرچہ درویشی بود سخت اے پسر	ہم ز درویشی نباشد خوب تر
ہر کہ او را نفسِ توسن رام شد	از خردمندانِ نیکو نام شد
بر مرادِ نفس تا گردی اسیر	صبر بگزین و قناعت پیشہ گیر

ترجمہ اردو : (۱) اور اسوقت وہ اندھیری رائی والا شخص گمان کرتاہے کہ آخر اسکو اللہ بخش دیگا-

*(۲) اے لڑکا! اگرچہ درویشی بہت سخت ہے * لیکن درویشی سے بہتر کوئی کام نہیں*

(۳) سرکش نفس جس شخص کا تابع ہووے - وہ نیک نام والا عقلمندوں میں سے ہوگا-

(٤) نفسانی خواہشات کے پیچھے کبتک قید رہیگا تو - صبر اختیار کر اور قناعت کو پیشہ بنا-

শব্দার্থ- তাহকীক ঃ *پندارد* ধারণা করে, *واحد غائب , مضارع م پنداشتن* ، *تاریک رائی* অন্ধ রায়ের অধিকারী, কুমতলবী, *خواہد آمرزیدن* - *مصدر* ক্ষমা করিবে, *ش* তাহাকে, *سخت* কঠিন, *خوب تر* অতি উত্তম, *توسن* অবাধ্য, *رام* অনুগত, বাধ্যগত, *خردمنداں* জ্ঞানীজন, *جمع* - *اسم فاعل* - *مراد نفس (خرد +. مند* - *سماعی* রিপুর বাসনা, *تا* কতক্ষণ, *گردی* তুমি হইবে, *اسیر* বন্দি, *بگزیں* অবলম্বন কর। *واحد حاضر* - *مضارع* - *م گردیدن گشتن* - *واحد حاضر* - *امر* - *م گزیدن* , *قناعت* অল্পেতুষ্টি।

বঙ্গানুবাদ ঃ (১) অতঃপর (নফসের গোলামী সত্বে) ঐ নির্বোধ ধারণা করে যে, পরিশেষে আল্লাহ তাহাকে ক্ষমা করিবেন।

(২) হে বৎস! দরবেশী যদিও কঠিন কাজ, তবে দরবেশী অপেক্ষা উত্তম কোন কাজ নাই।

(৩) অবাধ্য রিপু যাহার অনুগত হইয়াছে, সে স্বনামধন্য জ্ঞানীজনদের অন্তর্ভূক্ত হইয়াছে।

(৪) কুরিপুর বাসনার পিছনে আর কতদিন বন্দি থাকিবে? সংযম অবলম্বন কর এবং অল্পেতুষ্টি কে নিজ পেশা বানাও।

www.e-ilm.weebly.com

در ریاضت نفسِ بد را گوش مال	تا نیندازد ترا اندر وبال
ہر کہ خواہد تا سلامت ماند او	از جمیع خلق رو گرداند او
مردماں را سر بسر در خواب داں	گشت بیدار آنکہ او رفت از جہاں
آنکہ رنجاند ترا عذرش پذیر	تا بیابی مغفرت بروے مگیر

ترجمہ اردو : (۱) ریاضت او مجاہدے میں برے نفس کو کان ملی دے- تاکہ تجھکو مصیبت میں نہ ڈالے-

(۲) جو شخص چاہتاہے کہ سلامتی میں رہے-تمام مخلوق سے وہ رو گردانی کرے

(۳) تمام کے تمام لوگوں کو نیند میں جان - وہی شخص (حقیقت میں) بیدار ہے جو دنیا سے چلگیا

(٤) جو کوئی تجھے تکلیف پہنچائے تو اسکا عذر قبول کر - تاکہ تو معافی پائیگا- لھذا اسکوا پکڑاو مت کر-

---

শব্দার্থ– তাহকীক ঃ ریاضت সাধনা, পরিশ্রম, گوشمال কান মলিয়া দাও, - واحد غائب - نیندازد- م مالیدن - گوش + مال - اسم فاعل سماعی - واحد مضارع منفی - শুরুতে نون আসায় আলিফটি یاء দ্বারা পরিবর্তন হইয়াছে, - رنجاند ,سربسر সকল, جمیع خلق সমগ্র মাখলুক, م انداختن اندازیدن واحد حاضر ,তুমি পাইবে, بیابی - م رنجانیدن - مضارع متعدی - واحد غائب باء زائدہ – مضارع

বঙ্গানুবাদ ঃ (১) সাধনার মাধ্যমে কুরিপুর কান মলিয়া দাও (দমন কর)– যাহাতে তোমাকে বিপদে নিক্ষেপ করিতে না পারে।

(২) যে ব্যক্তি শান্তিতে থাকিতে চায়, সে যেন সমগ্র মাখলুক হইতে বিমুখ থাকে (এবং এক আল্লাহর প্রতি নিবিষ্ট হয়)।

(৩) সকল মানুষ কে নিদ্রামগ্ন জান, সে প্রকৃত জাগ্রত যে, ইহ জগত হইতে চলিয়া গিয়াছে।

(৪) যে তোমাকে দুঃখ কষ্ট দেয় (অতঃপর ক্ষমা চায়) তুমি তাহার উযর কবুল কর (ক্ষমা কর) তাহা হইলে তুমি (আল্লাহর থেকে) ক্ষমা পাইবে। অতএব তাহাকে পাকড়াও করিও না।

www.e-ilm.weebly.com

حق ندارد دوست خلق آزاررا | نیست ایں خصلت یکے دیندارا
از ستم ہرکو دلے را ریش کرد | آں جراحت بر وجودِ خویش کرد
آنکہ در بندِ دل آزاری بود | در عقوبت کارِ او زاری بود
اے پسر قصدِ دل آزاری مکن | وز خدائے خویش بیزاری مکن

ترجمہ اردو : (۱) اللہ تعالی مخلوق کے ستانے والے کو دوست نہیں رکھتاہے- یہ کسی ایك دیندار کی خصلت نہیں ہے-

(۲) جو شخص ظلم سے کسی دل کو زخم کیا - وہ زخم اپنی وجود پرکیا

(۳) جو کسی کی دل کو ستانے کي خیال میں ہوتا ہے - آخرت میں اسکا کام رونا زاری ہوگا

(٤) اے لڑکا! (کسی کی دل) ستانے کا ارادہ مت کر-اور اپنے پروردگارکوناراض مت کر

শব্দার্থ- তাহকীক ঃ حق সত্য, আল্লাহ, خلق آزار মাখলুককে কষ্টদানকারী, اسم فاعل ترکیبی خصلت (خلق + آزار) - অভ্যাস, কাজ, ستم যুলুম, অত্যাচার, ہرکہ او মূলতঃ ہرکو ছিল। ঐ ব্যক্তি যে, ریش যখম, আঘাত, ক্ষত, جراحت ক্ষত, وجود অস্তিত্ব, بند চিন্তা, عقوبت পরকাল, পরিণাম, زاری ক্রন্দন, কান্না, بیزاری অসন্তুষ্টি, সম্পর্কছিন্ন করা।

বঙ্গানুবাদ ঃ (১) আল্লাহ মাখলুকের (সৃষ্ট জীব) কে কষ্ট দানকারীকে ভালবাসেন না, ইহা কোন দ্বীনদার (ধার্মিক) ব্যক্তির কর্ম নয়।[১]

(২) যে ব্যক্তি যুলুম অত্যাচার দ্বারা কাহারো হৃদয়ে আঘাত দিল- সে নিজ অস্তিত্বের (জীবনের) উপর আঘাত করিল।

(৩) যে ব্যক্তি মনে কষ্ট দেওয়ার চিন্তায় থাকে, পরকালে তাহার কাজ হইবে কান্না-কাটি করা।

